

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)
এডিবি-৬ অধিশাখা
শেরে বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd; Fax: 9180788

প্রেস বিজ্ঞপ্তি


অদ্য ১৯ সেপ্টেম্বর ২০১৭ ঢাকায় বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়িতব্য “Third Urban Governance and Infrastructure Improvement (Sector) Project” -শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকার পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব জনাব কাজী শফিকুল আযম এবং এডিবি’র পক্ষে বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডিরেক্টর Mr. Kazuhiko Higuchi ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। ঋণচুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকার ও এডিবি’র সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর উল্লিখিত প্রকল্পের নির্বাহী সংস্থা (Executing Agency) এবং নির্বাচিত ৩৬টি পৌরসভা এ প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা (Implementing Agency)। প্রকল্পের বাস্তবায়নকাল জুলাই, ২০১৪ হতে জুন, ২০২১ পর্যন্ত।

প্রকল্পটির উদ্দেশ্য হলো প্রকল্পাধীন ৩৬টি পৌরসভায় দরিদ্র ও জেডার-বান্ধব নগর সুশাসন প্রতিষ্ঠা এবং উন্নত নগর অবকাঠামো নির্মাণের মাধ্যমে পৌর সেবাসমূহের উন্নয়ন করা। চলমান প্রকল্পের ৩১টি পৌরসভা (মুক্তাগাছা, শেরপুর, রাজবাড়ী, নেত্রকোনা, কিশোরগঞ্জ, কোটালীপাড়া, টুংগীপাড়া, বেনাপোল, যশোর, চুয়াডাঙ্গা, মাগুরা, মেহেরপুর, চারঘাট, বেড়া, ঈশ্বরদী, শাহজাদপুর, জয়পুরহাট, চাপাইনবাবগঞ্জ, নওগা, লাকসাম, নবীনগর, খাগড়াছড়ি, বান্দরবান, লক্ষীপুর, রাজশাহী, মৌলভীবাজার, হবিগঞ্জ, ছাতক, নীলফামারী, লালমনিরহাট ও পঞ্চগড়) এবং নতুন ৫টি- কক্সবাজার, ময়মনসিংহ, ফরিদপুর, গোপালগঞ্জ ও কুষ্টিয়াসহ মোট ৩৬টি পৌরসভা প্রস্তাবিত প্রকল্পে অন্তর্ভুক্ত হবে।

উল্লিখিত প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৫১৬.০৯ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে এডিবি’র সহায়তার পরিমাণ ৩২৫ মিলিয়ন মার্কিন ডলার। গত ২৭ আগস্ট ২০১৪ তারিখ এডিবি’র সংগে ১২৫ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। অবশিষ্ট ২০০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি অদ্য স্বাক্ষরিত হয়। এছাড়া, চলমান প্রকল্পের জন্য OPEC Fund for International Development (OFID) -এর সাথে ৪০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। অবশিষ্ট ১৫১.০৯ মিলিয়ন মার্কিন ডলার বাংলাদেশ সরকারের নিজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে। এডিবি প্রদেয় ২০০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। ২০০ মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে ১০০ মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের OCR Loan (COL)। COL ঋণের সুদের হার ২%। অবশিষ্ট ১০০ মিলিয়ন মার্কিন ডলার Ordinary Capital Resources (OCR) ঋণের সুদের হার London Inter Bank Offered Rate (LIBOR) ভিত্তিক (LIBOR+০.৫০%)। এছাড়া, ০.১০% হারে ম্যাচুরিটি প্রিমিয়াম ও অব্যয়িত অর্থের উপর ০.১৫% হারে কমিটমেন্ট চার্জ এ ঋণের জন্য প্রযোজ্য হবে।

এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। বাংলাদেশ ১৯৭৩ সালে এর সদস্যপদ লাভ করার পর থেকে এ সংস্থা তাদের আর্থিক সহায়তার একটি বড় অংশ বাংলাদেশকে প্রদান করে আসছে। এডিবি এ যাবৎ বাংলাদেশকে ১৮ বিলিয়ন মার্কিন ডলারের অধিক ঋণ-সহায়তা প্রদান করেছে। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি প্রধানতঃ বিদ্যুৎ, জ্বালানি, পরিবহন, শিক্ষা, স্থানীয় সরকার, কৃষি, পানি সম্পদ এবং সুশাসন সেক্টরকে প্রাধান্য দিয়ে থাকে।


১৯.৯.১৭